গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১২৫.২৭.০০২.২২.৩৭০

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩২
১৫ মে ২০২৫

**প্রজ্ঞাপন**

যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে আইন ও বিচার বিভাগ-এর সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ) জনাব মোসাঃ কানিজ ফাতিমা-এর বিরুদ্ধে কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করে অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ দিন বা ততোধিক সময় কর্তৃপক্ষের পুনঃঅনুমতি ব্যতিরেকে বিদেশে অবস্থান করার কারণে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২(চ) ও ২(ধ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'সার্ভিস ত্যাগ'-এর অভিযোগে বিভাগীয় মামলা নং ০২/২০২২ রুজুক্রমে তাঁর বরাবর অভিযোগনামা (১ম কারণ দর্শানোর নোটিশ) ও অভিযোগ বিবরণী যথারীতি প্রেরণ করা হয়

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে কোনরূপ জবাব দাখিল না করায় উক্ত বিভাগীয় মোকদ্দমাটি পূর্ণাঙ্গ তদন্তের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত অন্তে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোসাঃ কানিজ ফাতিমা-এর বিরুদ্ধে আনীত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) ও ২ (ধ) এ বর্ণিত যথাক্রমে 'অসদাচরণ' ও 'সার্ভিস ত্যাগ' এর আওতাভুক্ত অপরাধ সংগঠনের অভিযোগটি সন্দেহাতীত ভাবে প্রমাণিত হয়েছে এবং তৎপ্রেক্ষিতে তিনি উক্ত বিধিমালার বিধি ১৭ এর সারণীর ২ ও ৫ নং ক্রমিকে বর্ণিত 'অসদাচরণ' ও 'সার্ভিস ত্যাগ' সংক্রান্তে দণ্ডযোগ্য অপরাধ সংগঠনের দায়ে দোষী সাব্যস্ত হয়েছেন মর্মে প্রতীয়মান হয় উল্লেখপূর্বক একটি পূর্ণাঙ্গ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগের ধরন ও তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে উল্লিখিত মতামত বিবেচনা করে তাঁকে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) এ বর্ণিত 'অসদাচরণ' এর দায়ে বিধি ১৬ (খ) (৪) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' এবং বিধি ২ (ধ) এ বর্ণিত 'সার্ভিস ত্যাগ' এর দায়ে বিধি ১৬ (খ) (৪) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করত কেন তাঁকে উপরিউক্ত অভিযোগে চাকরি হতে বরখাস্ত করা হবে না তৎমর্মে একই বিধিমালার বিধি ২২ (৪) অনুযায়ী ২য় বারের মত কারণ দর্শানো হয় এবং একইসাথে দু'টি বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানোর বিষয়ে কোনো জবাব দাখিল না করায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং ০২/২০২২-এ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) এ বর্ণিত 'অসদাচরণ' এর দায়ে বিধি ১৬ (খ) (৪) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড এবং বিধি ২ (ধ) এ বর্ণিত 'সার্ভিস ত্যাগ' এর দায়ে বিধি ১৬ (খ) (৪) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণক্রমে একই বিধিমালার বিধি ২২ (৫) বিধানের প্রেক্ষিতে এতদবিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ যাচনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবে একমত পোষণ করে;

যেহেতু উক্ত প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের আলোকে জনাব মোসাঃ কানিজ ফাতিমা, সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ), আইন ও বিচার বিভাগ-কে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) এ বর্ণিত 'অসদাচরণ' এর দায়ে বিধি ১৬ (খ) (৪) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড এবং বিধি ২ (ধ) এ বর্ণিত 'সার্ভিস ত্যাগ' এর দায়ে বিধি ১৬ (খ) (৪) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে এই আদেশ জারি করা হলো, যা গত ০১/০৩/২০২১ তারিখ হতে কার্যকর মর্মে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৫/০৫/২০২৫

**(শেখ আবু তাহের)**
সচিব

নম্বর: ১০.০০.০০০০.১২৫.২৭.০০২.২২.৩৭০/১(১১)

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩২
১৫ মে ২০২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪. জনাব মোসাঃ কানিজ ফাতিমা, স্থায়ী ঠিকানা: প্রযত্নে: মোঃ মোশারফ হোসেন মৃধা, ডাকঘর: উজিরপুর, থানা: উজিরপুর, জেলা: বরিশাল।
৫. সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
৮. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১০. গার্ড ফাইল।
১১. অফিস কপি।

১৫.০৫.২৫

(মোঃ একরামুল কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৪১২